



සර්ව ප්‍රවේශන (සාමාන්‍ය)

සාමාන්‍ය සේවකයන් සඳහා සාමාන්‍ය සේවකයන් සඳහා සාමාන්‍ය සේවකයන් (සාමාන්‍ය)

Job Category: NGO/Development

Job Source: සාමාන්‍ය සේවකයන්

Job Summary

Posted On: 3 Nov 2024

Application Deadline: 30 Nov 2024

SARPV নিয়োগ বিজ্ঞপ্তি

সোশ্যাল এসিস্ট্যান্স এন্ড রিহাবিলিটেশন ফর দি ফিজিক্যালী ভালনারেবল (এসএআরপিভি) একটি জাতীয় পর্যায়ে বেসরকারি উন্নয়ন সংস্থা যার এমআরএ সনদ নং: ০০৯৫২-০০১৩২-০০৫৪২। অত্র সংস্থা চট্টগ্রাম, কক্সবাজার ও বান্দরবান জেলায় সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কর্মসূচী পরিচালনার জন্য নিম্নবর্ণিত পদ সমূহে দক্ষ জনবল নিয়োগ করা হবে।

#	পদের নাম	পদের সংখ্যা	যোগ্যতা	বেতন
১	শাখা ব্যবস্থাপক	১০ জন	স্নাতক (সম্মান বা ডিগ্রী)/ স্নাতকোত্তর পাস/ সম্মান হতে হবে। পিকেএসএফ এর সহযোগী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে ন্যূনতম ১ বছর কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: সর্বোচ্চ ৩৫ বৎসর।**	শিক্ষানবীশকালীন মাসিক বেতন (সর্বসাকুল্যে) ৩৫,১০০ টাকা। স্থায়ীকরনের পর বেতন (সর্বসাকুল্যে) ৩৯,০০০ টাকা।
২	মাঠ কর্মকর্তা	১৫ জন	স্নাতক/ স্নাতকোত্তর পাস/ সম্মান হতে হবে। অভিজ্ঞতা প্রযোজ্য নয়, অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: সর্বোচ্চ ৩২ বৎসর**	শিক্ষানবীশকালীন মাসিক বেতন (সর্বসাকুল্যে) ২৪,৩০০ টাকা। স্থায়ীকরনের পর বেতন (সর্বসাকুল্যে) ২৭,০০০ টাকা।
৩	জুনিয়র মাঠ কর্মকর্তা	১৫ জন	এইচএসসি/সম্মান। অভিজ্ঞতা প্রযোজ্য নয়, অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স: সর্বোচ্চ ২৮ বৎসর।**	শিক্ষানবীশকালীন মাসিক বেতন (সর্বসাকুল্যে) ২২,৫০০ টাকা। স্থায়ীকরনের পর বেতন (সর্বসাকুল্যে) ২৫,০০০ টাকা।

** অভিজ্ঞতা সম্পন্নদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

অন্যান্য সুবিধাসমূহ: সকল পদের ক্ষেত্রে শিক্ষানবীশকাল ৬ মাস। ৬মাস পর কর্ম-মূল্যায়নের ভিত্তিতে চাকরিতে স্থায়ীকরণ করা হবে এবং সংস্থার নীতিমালা অনুসারে অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হবে। বেতন ভাতা ব্যতীত অন্যান্য প্রাপ্য সুবিধা সমূহ: উৎসব বোনাস দুইটি, বৈশাখী ভাতা, বাৎসরিক ইনক্রিমেন্ট, ইনসেন্টিভ, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, মোবাইল বিল, দৈনিক লাঞ্চ ভাতা, বিনামূল্যে আবাসন সুবিধা, জরুরী চিকিৎসা ভাতা।

শর্তাবলী: প্রার্থীকে নিজস্ব মোটরসাইকেল দ্বারা কর্মসূচী বাস্তবায়ন করতে হবে, এক্ষেত্রে কর্মীগণ মোটরসাইকেল এর বিল প্রাপ্য হবেন। সকল কর্মীকে স্ব-স্ব পদের জন্য পদ অনুসারে এক মাসের বেতন এর সমপরিমাণ অর্থ জামানত প্রদান করতে হবে যা চাকুরী শেষে মুনাফসহ ফেরতযোগ্য।

আবেদন প্রক্রিয়া: আগ্রহী প্রার্থীদের (খামের উপর পদের নাম উল্লেখপূর্বক) লিখিত আবেদনপত্র, হালনাগাদ জীবন বৃত্তান্ত (ফোন নম্বর ও দুই জন উপযুক্ত ব্যক্তির রেফারেন্স সহ), সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট সমূহের ফটোকপি, চাকুরীর অভিজ্ঞতা সনদের ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ৩০ নভেম্বর, ২০২৪ ইং তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত ঠিকানায় মানবসম্পদ বিভাগ-সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কর্মসূচী বরাবর প্রেরণ করতে হবে। ঠিকানা: এসএআরপিভি কমপ্লেক্স, হোল্ডিং নং: ২৭৭, ভরামুছুরী, চকরিয়া পৌরসভা, চকরিয়া।

নারী ও প্রতিবন্ধী প্রার্থীদের আবেদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠান কোন প্রার্থীর নিকট থেকে নগদ অর্থ গ্রহণ করে না। শুধু মাত্র বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরিক্ষায় অংশগ্রহণ এর জন্য আমন্ত্রণ জানানো হবে। পরিক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভাতা (যাতায়াত ও খাবার বিল) প্রদান করা হবে না।

বিঃদ্র: নিয়োগ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত ও শর্ত পরিবর্তনের ক্ষমতা সংস্থার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বিস্তারিত: <https://sarpv.org/career/>